রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বয়স যখন চল্লিশ বছর, তখন তার উপরে কুরআন অবতীর্ণ হয়

ইবনু ‘আব্বাস রদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেছেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বয়স যখন চল্লিশ বছর, তখন তার উপরে কুরআন অবতীর্ণ
হয়। তারপরে তিনি মক্কাতে তের বছর অবস্থান করেন, তারপর তাকে হিজরতের আদেশ করা হলে
তিনি মদীনাতে হিজরত করেন, সেখানে দশ বছর অবস্থান করেন এবং মৃত্যুবরণ করেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

ইবনু ‘আব্বাস রদিয়াল্লাহু ‘আনহুমা সংবাদ দিচ্ছেন যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপরে যখন অহী নাযিল ও তাকে নবী হিসেবে প্রেরণ করা হয়, তখন তার বয়স চল্লিশ বছর। তারপর অহী নাযিলের পর তিনি মক্কাতে তের বছর অবস্থান করেন, তারপরে তাকে মদীনা হিজরতের আদেশ দেওয়া হয় আর তিনি সেখানে দশ বছর বসবাস করেন। তারপরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মৃত্যুবরণ করেন, তখন তার বয়স ছিল তেষট্টি বছর।

http://sunnah.global/hadeeth/bn/show/65050